

কম্পিউটারে এন্টিভাইরাস থাকার কারণে ই-নথিতে লগইন সংক্রান্ত সমস্যার সমাধানঃ

আপনার পিসিতে এন্টিভাইরাস একটি থাকলে আমাদের ই-নথি সাইটে লগইন করতে সমস্যা হতে পারে। এর একটি সহজ সমাধান আছে। যদিও বাজারে বিভিন্ন ধরনের এন্টিভাইরাস রয়েছে। প্রত্যেকটি এন্টিভাইরাস এর সেটিংস্ একটু ভিন্ন ধরনের। প্রত্যেকটি এন্টিভাইরাসের ওয়েব প্রটেকশন সিকিউরিটি অপশন রয়েছে। সমস্যা সমাধানে যা করা যায় তা হল ওয়েব প্রটেকশন ফাংশনে গিয়ে ওয়েব সাইট exclusion লিস্টে আমাদের সার্ভারের ঠিকানা <https://nothi.gov.bd> যুক্ত করে দিলে আপনার এন্টিভাইরাস নথি সাইটকে আর আটকাবে না। আর দ্বিতীয় পদ্ধতি হল ইসেট এন্টিভাইরাসের ক্ষেত্রে আপনি এন্টিভাইরাসের SSL অপশন বন্ধ করে দিতে পারেন। এ ক্ষেত্রে এন্টিভাইরাস SSL সার্টিফিকটধারী কোনো সাইটই আটকাবে না। ওকে, আমরা হাতে কলমে ট্রাই করি।

ক্যাম্পারস্কি এন্টিভাইরাস:

- ০১। সেটিংস্ এ ক্লিক করে প্রবেশ করুন। আইকন সিলেক্ট করে রাইট বাটনে ক্লিক করলে সেটিংস্ পাবেন।
- ০২। অ্যাডভান্সড সেটিংস্ এ ক্লিক করুন।
- ০৩। বাম দিকের protection বাটনে ক্লিক করে web antivirus বাটনে ক্লিক করুন।
- ০৪। Advanced settings বাটনে ক্লিক করুন।
- ০৫। এখন ওপেন হওয়া পেইজে manage exclusion বাটনে ক্লিক করুন।
- ০৬। এবার যে পাশে পেজ দেখতে পাচ্ছেন এখানে নথির ঠিকানা লিখুন, <https://nothi.gov.bd> এখানে আপনার অফিসের জন্য প্রদত্ত কাষ্টমাইজড ঠিকানাও লিখে সেভ করে বেরিয়ে আসুন।

ক্যাম্পারস্কি সিকিউর কানেকশন:

এখানেও আপনাকে exclusion অপশনে গিয়ে <https://nothi.gov.bd> এই ঠিকানা লিখে রাখুন। সবশেষে, আপনি আপনার কম্পিউটারের উইন্ডোজ এ trusted sites list এ নথির url ঠিকানা এন্টার করুন। এক্ষেত্রে, আপনার উইন্ডোজ এর মেনু অপশনে গিয়ে internet options লিখে সার্চ দিলেই কাঙ্ক্ষিত অপশনটি পাবেন। এখানে trusted sites লিস্টে <https://nothi.gov.bd> ঠিকানাটি add করে নিন।

এবার আপনি ব্রাউজারের ক্যাশ ক্লিয়ার করুন। এরপর কম্পিউটার রিস্টার্ট দিন। পুনরায় ব্রাউজারের এড্রেসবারে নথির ঠিকানা লিখে এন্টার করুন। হোমপেজ চলে আসবে। প্রবেশ করুন বাটনে ক্লিক করুন। এরপর পূর্বের মত advanced বাটনে ক্লিক করে নথিতে প্রবেশ করতে পারবেন। একবার সমস্ত প্রক্রিয়াটি সম্পন্ন করে লগইন করা গেলে আপনাকে পরবর্তীতে লগইন করতে আর এসব ধাপ সম্পন্ন করতে হবে না।